

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ  
(সংস্থাপন শাখা)  
www.habiganj.gov.bd

তারিখ: ২২ নভেম্বর ২০২২

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৩.০২.০৯৪.২২- ৬০১

বিষয়: বিভাগীয় আপিল মামলা নম্বর ০২/২০২২ এর শুনানীতে সরকার পক্ষে প্রতিনিধি প্রেরণ।

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর ০৮ নভেম্বর ২০২২ তারিখের বিভাগীয় আপিল মামলা নং- ০২/২০২২-২৩ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাহুবল, হবিগঞ্জ এর অভিযোগের ভিত্তিতে জনাব প্রজেশ চন্দ্র সরকার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাহুবল, হবিগঞ্জ (বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আজমিরীগঞ্জ-এ কর্মরত) এর বিরুদ্ধে ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলা দায়ের করা হয় এবং উক্ত মামলায় শাস্তি প্রদান করা হয়। বর্ণিত কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপিল দায়ের করায় আগামী ৩০/১১/২০২২ তারিখ আপিল শুনানীর দিন ধার্য করা হয়েছে এবং সরকার পক্ষে একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য বলা হয়েছে।

০২. এমতাবস্থায়, ধার্য তারিখে শুনানীতে অংশগ্রহণের জন্য সরকার পক্ষে প্রতিনিধি হিসেবে তাঁকে মনোনয়ন প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০১(এক) পাতা।



(ইশরাত জাহান)

জেলা প্রশাসক

হবিগঞ্জ

ফোন: ০২৯৯৬৬০৬১০০

email:dchabiganj@mopa.gov.bd

জনাব মহয়া শারমিন ফাতেমা  
উপজেলা নির্বাহী অফিসার  
বাহুবল, হবিগঞ্জ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

বিভাগীয় কমিশনার  
সিলেট বিভাগ, সিলেট।

দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী কমিশনার(সংস্থাপন)  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।